

মুয়াত্তা মালিক

হাদিস নম্বরঃ ১০৬২

২৫. শিকার সম্পর্কিত অধ্যায় (كتاب الصيد)

পরিচ্ছেদঃ ৫. যে সকল প্রাণী খাওয়া মাকরুহ

بَاب مَا يُكْرَهُ مِنْ أَكْلِ الدَّوَابِّ

আরবী

حَدَّثَنِي يَحْيَى عَنْ مَالِكٍ أَنَّ أَحْسَنَ مَا سَمِعَ فِي الْخَيْلِ وَالْبِغَالِ وَالْحَمِيرِ أَنَّهَا لَا تُؤْكَلُ لِأَنَّ اللَّهَ تَبَارَكَ وَتَعَالَى قَالَ وَالْخَيْلَ وَالْبِغَالَ وَالْحَمِيرَ لِتَرْكَبُوهَا وَزِينَةً وَقَالَ تَبَارَكَ وَتَعَالَى فِي الْأَنْعَامِ لِتَرْكَبُوهَا مِنْهَا وَمِنْهَا تَأْكُلُونَ وَقَالَ تَبَارَكَ وَتَعَالَى لِيَذْكُرُوا اسْمَ اللَّهِ عَلَى مَا رَزَقَهُمْ مِنْ بَهِيمَةِ الْأَنْعَامِ فَكُلُوا مِنْهَا وَأَطْعِمُوا الْقَانِعَ وَالْمُعْتَرَّ قَالَ مَالِكٌ وَسَمِعْتُ أَنَّ الْبَائِسَ هُوَ الْفَقِيرُ وَأَنَّ الْمُعْتَرَّ هُوَ الزَّائِرُ قَالَ مَالِكٌ فَذَكَرَ اللَّهُ الْخَيْلَ وَالْبِغَالَ وَالْحَمِيرَ لِلرُّكُوبِ وَالزَّيْنَةِ وَذَكَرَ الْأَنْعَامَ لِلرُّكُوبِ وَالْأَكْلِ قَالَ مَالِكٌ وَالْقَانِعُ هُوَ الْفَقِيرُ أَيْضًا

বাংলা

রেওয়ায়ত ১৫. মালিক (রহঃ) বলেনঃ ঘোড়া, খচ্চর এবং গাধার মাংস আহার করা সম্পর্কে উত্তর যাহা শুনিয়াছি তাহা এই-উহা আহার করা যাইবে না। কারণ আল্লাহ তা'আলা ইরশাদ করিয়াছেনঃ অশ্ব, অশ্বতর ও গর্দভ আমি আরোহণ এবং শোভার জন্য সৃষ্টি করিয়াছি। (আন নাহলঃ ৮) আল্লাহ তা'আলা আন'আম সম্বন্ধে ইরশাদ করেন, যাহাতে তোমরা এইগুলির উপর আরোহণ কর এবং এইগুলি আহার কর। আল্লাহ তা'আলা আরো ইরশাদ করেনঃ আল্লাহ তাহাদিগকে জীবনোপকরণস্বরূপ যেসব চতুষ্পদ আন'আম দান করিয়াছেন সেই সব প্রাণী যবেহ কালে আল্লাহর নাম নেয়। তখন এইগুলি হইতে তোমরা আহার কর এবং প্রার্থীকে আহার করাও।[১]

মালিক (রহঃ) বলেন, আমি আহলে ইলমের নিকট শুনিয়াছি-উপরিউক্ত আয়াতে উল্লিখিত 'বা-ইস' শব্দের অর্থ ফকির এবং মুতার শব্দের অর্থ আগন্তুক।

মালিক (রহঃ) বলেনঃ (এ আয়াতগুলি দ্বারা বোঝা গেল) আল্লাহ তা'আলা ঘোড়া, খচ্চর ও গাধা আরোহণ করার জন্য সৃষ্টি করিয়াছেন। আর আন'আম জন্তুসমূহ আহার এবং আরোহণ উভয় কাজের জন্যই সৃষ্টি করিয়াছেন। মালিক (রহঃ) বলেনঃ কানি ভিক্ষুককেও বলা হয়।

English

Yahya related to me from Malik that the best of what he had heard about horses, mules, and donkeys was that they were not eaten because Allah, the Blessed, the Exalted, said, "And horses, and mules and asses, for you to ride, and as an adornment. " (Sura 16 ayat 8) . He said, may He be Blessed and Exalted, "In cattle, some of them you ride, and some of them you eat." (Sura 6 ayat 79). He said, the Blessed, the Exalted, "Mention Allah's name over what He has provided you of cattle, and eat of them and feed the beggar (al-qani) and the suppliant (al-mutarr). (Sura 22 ayat 34).

Malik said "Allah mentioned horses, mules, and donkeys for riding and adornment, and He mentioned cattle for riding and eating."

Malik said, "Al-qani also means the poor."

ফুটনোট

[1] আন'আম দ্বারা উট, গরু, মেষ, ছাগল এবং অন্যান্য অহিংস ও রোমন্থনকারী জন্তকে বোঝায়। যথাঃ হরিণ, নীলগাই, মহিষ ইত্যাদি। কিন্তু ঘোড়া, গাধা ইহার অন্তর্ভুক্ত নহে।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ মালিক ইবনু আনাস (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=73958>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন